

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্ৰবাৰ, মে ১৯, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

গ্রজ্ঞাপন

তারিখ : ২০ এপ্রিল ২০১৭

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.১৮০.২০১৫-৫২১—যেহেতু, আপনি বেগম মোসাঃ খুর্শিদা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোল্লাহাট, বাগেরহাট এর বিরুদ্ধে দোলা মহিলা কল্যাণ সংস্থার মাধ্যমে উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান হিসেবে এলাকায় নিজের গ্রহণযোগ্যতা ও পদমর্যাদা ব্যবহার করে তামের অসহায় ও দৃঢ় মহিলাদের বিনামূল্যে প্রতিমাসে ৩০(ত্রিশ) কেজি চাল প্রদানের আশ্বাস দিয়ে এলাকার পায় পাঁচ হাজার দৃঢ় অসহায় মহিলার নিকট হতে জনপ্রতি ২৫০০(দুই হাজার পাঁচশত) টাকা করে প্রতারণার মাধ্যমে গ্রহণের সাথে সম্পৃক্ততার অভিযোগ প্রমাণিত হয়েছে;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩ (১) (গ) এর অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী কারণ দর্শনোৱ প্রেক্ষিতে তাঁর দাখিলকৃত জবাব সতোষজনক নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে এবং ব্যক্তিগত শুনানীতেও তিনি তাঁর বিরুদ্ধে আন্তী অভিযোগ খণ্ডন করতে পারেননি ;

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ডে তিনি উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(১)(গ) অনুযায়ী অসদাচরণ, দূর্বীল ও ক্ষমতার অপব্যবহারের দায়ে দোষী সাব্যস্ত হয়েছেন, সেহেতু সরকার জনস্বার্থে তাঁকে স্থীর পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ধারা ১৩(২) অনুসারে বাগেরহাট জেলার মোল্লাহাট উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান বেগম মোসাঃ খুর্শিদা বেগমকে মোল্লাহাট উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান এর পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঙ্গল  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৪৮৪৭)  
মূল্য : টাকা ৪.০০